

## মাস্টার অব এডুকেশন কার্যক্রমে ২০২১-২০২২ শিক্ষাবর্ষে ভর্তি বিজ্ঞপ্তি

০৩ এপ্রিল ২০২৩ খ্রি:

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ে শিক্ষা বিজ্ঞান অনুষদের আওতাধীন শিক্ষা বিভাগে ২০২১-২২ শিক্ষাবর্ষে মাস্টার অব এডুকেশন [Master of Education] এ ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা যাচ্ছে। ভর্তিচ্ছু শিক্ষার্থীদের ০৪ এপ্রিল ২০২৩ তারিখ হতে ১০ মে ২০২৩ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে আবেদন ফর্ম বিভাগীয় অফিস থেকে সংগ্রহ ও জমা প্রদান করতে হবে। আবেদন ফর্মের মূল্য ১০০০/- (একহাজার) টাকা (অফেরতযোগ্য) মাত্র।

- ১) **ডিগ্রী:** মাস্টার অব এডুকেশন (Master of Education) সংক্ষেপে এম.এড (M.Ed)
- ২) **ডিগ্রীর সময়কাল:** থিসিস গ্রুপের জন্য ১.৫ বছর এবং নন থিসিস গ্রুপের জন্য ১ বছর
- ৩) **ভর্তি প্রক্রিয়া:** আবেদনকারীকে বিভাগীয় ভর্তি কমিটির নিকট লিখিত পরীক্ষায় অংশগ্রহণ/সাক্ষাৎকার প্রদান পূর্বক ভর্তি কমিটির সুপারিশক্রমে বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত ফি প্রদানের মাধ্যমে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করতে হবে।
- ৪) **ভর্তির যোগ্যতা:**
  - প্রার্থীকে নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় অথবা যেকোন স্বীকৃত বিশ্ববিদ্যালয়/ইনস্টিটিউট থেকে ৪ বছর মেয়াদী ব্যাচেলর অব এডুকেশন (সম্মান) [Bachelor of Education (Hons)] ডিগ্রীধারী হতে হবে।
  - অভ্যন্তরীণ প্রার্থীদের ক্ষেত্রে বি.এড (সম্মান) পর্যায়ে CGPA 2.50 থাকতে হবে এবং বহিঃস্থ প্রার্থীদের ক্ষেত্রে বি.এড (সম্মান) পর্যায়ে CGPA 3.00 থাকতে হবে।
  - নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের মাস্টার্স অর্ডিনেন্সের অন্যান্য যোগ্যতাসমূহের শর্তসমূহ পূরণ করতে হবে।
  - বিদেশী শিক্ষা প্রতিষ্ঠান থেকে অর্জিত ডিগ্রী/ডিপ্লোমা সনদের সমতায়ন পত্র থাকতে হবে এবং অবশ্যই আবেদনপত্রের সাথে জমা দিতে হবে।
  - বিভাগীয় ভর্তি কমিটি কর্তৃক ভর্তিচ্ছু শিক্ষার্থী পূর্বে কোন প্রতিষ্ঠানে ভর্তিকৃত কিনা কিংবা কোন প্রতিষ্ঠানে চাকুরীরত কিনা ইত্যাদি বিষয়ে যাচাই বাছাই পূর্বক সুপারিশকৃত শিক্ষার্থীদের ভর্তির জন্য বিবেচনা করা হবে।
  - অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।
  - আবেদনপত্র অবশ্যই প্রার্থী নিজে কিংবা প্রার্থীর মনোনীত প্রতিনিধি কর্তৃক স্বশরীরে বিভাগীয় অফিসে জমা দিতে হবে।
  - নির্ধারিত তারিখে অনুষ্ঠিত লিখিত পরীক্ষায় অংশগ্রহণ/সাক্ষাৎকার কার্যক্রমে অংশগ্রহণ করতে ব্যর্থ হলে প্রার্থী ভর্তির অযোগ্য বলে বিবেচিত হবে।
  - লিখিত পরীক্ষায় অংশগ্রহণ/সাক্ষাৎকার কার্যক্রমে অংশগ্রহণের জন্য কোনপ্রকার টি.এ/ডি.এ প্রদান করা হবে না।
  - শিক্ষা বিভাগের যেসমস্ত শিক্ষার্থীর স্পেশাল টার্ম রয়েছে তারাও আবেদন করতে পারবে। তবে শর্ত থাকে যে স্পেশাল টার্ম পাশ করলেই তারা ভর্তির যোগ্যতা অর্জন করবে।
- ৫) **আবেদনপত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্রাদি সংযুক্ত করতে হবে:**
  - ক. শিক্ষাগত যোগ্যতার সকল পরীক্ষার একাডেমিক ট্রান্সক্রিপ্ট/নম্বরপত্র এবং সনদপত্রের সত্যায়িত কপি।
  - খ. ২ কপি সদ্যতোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
  - গ. ভর্তি ফরম ক্রয়ের রশিদের ফটোকপি।
  - ঘ. সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধান/ বিভাগীয় প্রধান কর্তৃক প্রদত্ত প্রত্যয়নপত্র/প্রশংসাপত্র।
  - ঙ. চাকুরীরত প্রার্থীকে অবশ্যই নিজ নিয়োগকর্তার নিকট হতে অধ্যয়নকালীন সময়ে শ্রেণিকার্যক্রমে অংশগ্রহণ ও শিক্ষাকার্যক্রম যথারীতি সম্পাদনের জন্য কমপক্ষে ০২ সেমিস্টারব্যাপী সময়কাল অর্থাৎ ১২ (বার) মাসের পূর্ণকালীন ছুটি প্রদান করা হবে এই মর্মে অনাপত্তিপত্র/প্রত্যয়নপত্র/অফিস আদেশের মূলকপি।

ধন্যবাদান্তে



অধ্যাপক ড. বিপ্লব মল্লিক

চেয়ারম্যান

শিক্ষা বিভাগ ও সভাপতি

মাস্টার অব এডুকেশন ভর্তি কমিটি

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

নোয়াখালী -৩৮১৪।